



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-৩, হাজী রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬



নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মদন মোহন সাহা ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ
সভার তারিখ ও সময়	: ৩১ মার্চ, ২০১৯, বেলা-২:০০ ঘটিকা
স্থান	: বোর্ড রুম


উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

নৈতিকতা কমিটি সদস্যগণের উপস্থিতিতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সচিব জনাব মুহিউদ্দিন আহমদ পানু সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্য সূচিঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন
- ০২। সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (জিপিএমএস) বাস্তবায়ন
- ০৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা
- ০৪। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা
- ০৫। বিবিধ

ক্রঃ নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
০১	০৪ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন	নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য জনাব শফিকুল ইসলাম গত সভার কার্যবিবরণী পাঠ করেন।	কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
০২	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (জিপিএমএস) বাস্তবায়ন	সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল ও এপিএমএস সফটওয়্যারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি আপলোড করার বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি আপলোড করার জন্য পিডিবিএফ এর এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম নির্ধারিত সময়ের মধ্যে উক্ত কার্যাদি সম্পাদন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং যথাযথভাবে এপিএ চুক্তি বাস্তবায়নের জন্য সভায় সকলে সহমত পোষণ করেন।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৩য় কোয়ার্টারের অগ্রগতির প্রতিবেদন অনুমোদিত হয় এবং যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং যথাযথভাবে এনআইএস চুক্তি বাস্তবায়নের জন্য সভায় সকলে সহমত পোষণ করেন।	জাতীয় শুদ্ধাচার কৌশল ৩য় কোয়ার্টারের অগ্রগতির প্রতিবেদন অনুমোদিত হয় এবং যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৬	বিবিধ	-	-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মদন মোহন সাহা)

ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক

ও

সভাপতি

নৈতিকতা কমিটি, পিডিবিএফ।